



গত ২ মার্চ ৪ দিনের সরকারি সফরে মানোনীয় মন্ত্রী জনাব বিশ্বাস অস্ট্রেলিয়া এসেছিলেন। সফরকারী মন্ত্রীর সাথে তাঁর স্ত্রী বেগম আশাতুন বিশ্বাস ও মন্ত্রণালয়ের তিনজন উর্ধতন কর্মকর্তা ছিলেন। মানোনীয় মন্ত্রীকে সিডনী বিমানবন্দরে অভ্যর্থনা জানান কৃষবিদ জনাব আবুল সরকার এবং আওয়ামীলীগ নেতৃবর্গ। সফরকালে তিনি ঢাকা চিরিয়াখানা উন্নয়নের জন্য তরঙ্গ জু এবং মেলবোর্ণ জু এর উর্ধতন কর্মকর্তাদের সাথে দ্বিপাক্ষিক ফলপ্রসূ বৈঠক করেন। তিনি প্রাণীসম্পদ উন্নয়ন

কর্মকান্ড সরেজমিনে ঘুরে দেখেন এবং বাংলাদেশে সরবরাহ উপযোগী কারীগরি সহায়তার আস্থান জানান। ৩ মার্চ মানোনীয় মন্ত্রীর সন্মানে কৃষবিদ আবুল সরকারের বাসভবনে এক নাগরিক সম্বর্ধনার আয়োজন করা হয়, সেখানে আওয়ামীলীগ এবং বঙ্গবন্ধু পরিষদের নেতৃবৃন্দ সর্বজনাব ব্যারিষ্টার সিরাজুল ইসলাম, ডঃ নিজাম উদ্দিন আহমেদ, আমীর আজম সরদার, ডঃ খায়রুল চৌধুরী, হেলাল উদ্দিন, সাদিকুর খাঁন, আব্দুল ওয়ায়েছ বাবুল, গাউছুল আলম শাহজাদা, মোঃ আলী সহ অনেক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। জনাব বিশ্বাস মানোনীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়ন কর্মকান্ড তুলে ধরেন এবং বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। পরে সেখানে তাঁর সন্মানে দেয়া এক নৈশভোজে অংশগ্রহন করেন। মানোনীয় মন্ত্রী ৬ মার্চ বাংলাদেশের উদ্দেশ্যে রওয়ানা দেন।

